অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/3/2018 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ফার্ম স্থাপনাসমূহের উপর ভূসম্পত্তি কর (REAL PROPERTY TAX) রেয়াতের পদক্ষেপ সম্প্রসারণ করার ঘোষণা করেছেন

তিনি আগামী 10 বছর পর্যন্ত কৃষি উৎপাদন ও উদ্যানপালনের (Farming and Horticulture) জন্য প্রয়োজনীয় সকল স্থাপনা ও সুযোগ সুবিধার উপর ভূসম্পত্তি কর রেয়াতের পদক্ষেপ সম্প্রসারণ করেছেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ স্টেটের কৃষি স্থাপনাসমূহের উপর ভূসম্পত্তি কর রেয়াত আইন (Real Property Tax Law) সম্প্রসারণের ঘোষণা করেছেন, যা নিউ ইয়র্ক এর কৃষক ও উৎপাদনকারীদের করমুক্তি অব্যাহত রাখবে। ভূসম্পত্তি কর আইন কৃষি উৎপাদনকারীদের কৃষি উৎপাদন ও উদ্যানপালনের জন্য প্রয়োজনীয় ভবন সমূহের ভূসম্পত্তি কর মওকুফ করে, যেমন সাময়িক গ্রিনহাউজ, খামার, গবাদি পশুর গোয়ালঘর এবং অশ্বচালনা প্রশিক্ষণ কেন্দ্র।

"নিউ ইয়র্কের কৃষি শিল্প আমাদের অর্থনীতির একটি বিরাট ক্ষেত্র, এবং এজন্য আমাদের স্থানীয় কৃষক ও উৎপাদনকারীদের সহায়তা অব্যাহত রাখা খুবই জরুরি", **গভর্নর কুওমো বলেছেন।** "এই কর রেয়াত নিউ ইয়র্কের পরিশ্রমী কৃষি উৎপাদনকারীদের নিজেদের খামারে বিনিয়োগ করতে ও নিজেদের ব্যবসাকে প্রসারিত করতে সাহায্য করবে, এবং এর ফলে প্রতিযোগিতা ও উৎপাদন সামনের বছর গুলিতে আরো বৃদ্ধি পাবে।"

"কৃষি নিউ ইয়র্কের অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ অঙ্গ, এবং আমরা প্রদেশব্যাপী কৃষকদের সমৃদ্ধির পথের বাধাগুলো দূর করতে কাজ করে চলেছি", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "এই নতুন আইন নিউ ইয়র্ক কৃষকদের উপর থেকে সম্পত্তি করের বোঝা কমিয়ে দিয়ে তাদের বিশ্ব অর্থনীতিতে প্রতিযোগিতায় টিকে থাকার সুযোগ করে দেবে।"

ভূসম্পত্তি কর আইন রেয়াত আগামী 10 বছর পর্যন্ত সম্প্রসারিত করা হয়েছে এবং তা 2029 সালের 1লা জানুয়ারী পর্যন্ত নতুন নির্মিত ও পুনর্নির্মিত কৃষিভবনসমূহের উপর প্রযোজ্য হবে। 2008 সালে এর নবায়নের পরে, কৃষি কাঠামোসমূহের উপর এই রেয়াত নিউ ইয়র্কের কৃষকদের আনুমানিক 112.8 মিলিয়ন মার্কিন ডলারের বেশী অর্থ সাশ্রয় করেছে। এই রেয়াত কৃষক ও উৎপাদনকারীদের তাদের সাশ্রয়কৃত অর্থ ব্যবহার করে তাদের কাজে বিনিয়োগ করতে, নতুন সরঞ্জামাদি ক্রয় করতে ও সুযোগ সুবিধার আধুনিকায়নে সাহায্য করার মাধ্যমে নিউ ইয়র্কের কৃষি শিল্পের বিকাশে সহায়তা করবে যা কৃষিফার্মসমূহের মধ্যে প্রতিযোগিতা ও মুনাফা আরো বাড়িয়ে দেবে।

বহুদশক ধরে কৃষিভবনসমূহ প্রাদেশিক করের আওতার বাইরে ছিল, কিন্তু এই আইনের মেয়াদ 2019 সালের নববর্ষের দিনে শেষ হয়ে যাওয়ার কথা। কর বিরতি বৃদ্ধি ও এর কার্যকরী মেয়াদ আগামী দশক পর্যন্ত নিশ্চিত করতে অ্যাসেম্বলিম্যান বিল ম্যাগি ও সিনেটর প্যাটি রিচির উত্থাপিত এই নতুন আইন নিউ ইয়র্ক প্রদেশের ভূসম্পত্তি কর আইনের সংশোধন করেছে।

নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার (New York State Agriculture Commissioner) রিচার্ড এ. বল বলেন, "আমরা গভর্নর কুওমো কে এই বিলটিকে আইনে পরিণত করার জন্য এবং প্রাদেশিক আইনসভাকে এই আইন পাশ করার জন্য ধন্যবাদ জানাই। এ পদক্ষেপ আমাদের কৃষক ও উৎপাদনকারীদের জন্য একটি গুরুত্বপূর্ণ কর বিরতি প্রদান করে, যারা তাদের কার্যবিধি উন্নয়ন, ব্যবসা সম্প্রসারণ ও অন্যান্য ব্যয়ের ভারসাম্য রক্ষার জন্য ঐতিহাসিকভাবে এরকম রেয়াতের উপর নির্ভর করে আসছেন।"

কর ও অর্থায়ন এর ভারপ্রাপ্ত কমিশনার (Acting Commissioner of Taxation and Finance) ননি ম্যানিয়ন বলেন, "ভূসম্পত্তি কর আইন রেয়াত সম্প্রসারণ করার এই আইনের ফলশ্রুতিতে নিউ ইয়র্ক প্রদেশের কৃষকরা লাভজনক কর বিরতি অব্যাহতভাবে ভোগ করবেন। আমি গভর্নর কুওমো এবং রাজ্য আইনসভাকে এই লাভজনক সুবিধা অব্যাহত রাখার জন্য ধন্যবাদ জানাই।"

সিনেট কৃষি কমিটির (Senate Agriculture Committee) চেয়ারম্যান প্যাটি রিচি বলেন, "আমাদের প্রদেশের কৃষকেরা প্রতিদিন কঠোর পরিশ্রম করে বিশ্বমানের ফসল ফলান যা তাদের সাথে অন্য নিউ ইয়র্কবাসীরা ভোগ করেন, কিন্তু কাঠামোগত ব্যয়ের কত কারণগুলির জন্য মাঝেমধ্যে তারা খুবই কম মুনাফা হতে দেখেন এবং, এমনকি কোনো কোনো সময় ক্ষতির মুখও দেখতে হয়। এই গুরুত্বপূর্ণ আইন, যা আমি গর্বভরেই উত্থাপন করেছিলাম, তাদের মূলকার্যক্রমের শক্তি বৃদ্ধির জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করা সম্পত্তিসমূহের কর মৌকুফ করবে, যা আসন্ন বছরগুলিতে আমাদের প্রদেশের কৃষিশিল্পের উন্নয়নের সহায়তা করবে।"

অ্যাসেম্বলি কৃষি কমিটির (Assembly Agriculture Committee) চেয়ারম্যান বিল ম্যাগি বলেছেন, "উৎপাদন ব্যয় কম করার জন্য ভূসম্পত্তি করের উপর নির্ভরশীল কৃষকদের জন্য এই ভূসম্পত্তি করের ছাড় তাদের পক্ষে খুবই উপকারী হবে। এটি তাদের খামারগুলিকে কার্যকর রেখে ব্যবসায়িক প্রতিযোগিতায় টিকে থাকতে, আমাদের প্রদেশের খালি জায়গাগুলির রক্ষণাবেক্ষণ করতে ও নিউ ইয়র্কবাসীদের জন্য খাদ্য উৎপাদন অব্যাহত রাখতে সহায়তা করবে।"

নিউ ইয়র্ক ফার্ম ব্যুরো (New York Farm Bureau) প্রেসিডেন্ট ডেভিড ফিশার বলেছেন, "এই আইন, যা 10 বছরের জন্য নতুন কৃষি স্থাপনাসমূহকে করের আওতার বাইরে রাখবে, নতুন খামারের বিনিয়োগের পেছনে উৎসাহ হিসেবে কাজ করবে, এবং পারিবারিক খামার ব্যবসার জন্য লাভজনক হয়ে দেখা দেবে। কর সাশ্রয় এই যুগের কঠিন কৃষি অর্থনীতির জন্য বিশেষ গুরুত্বপূর্ণ।"

এই আইন স্থাপনার মূল্য বা যেসব স্থাপনাগুলি গুরুত্বপূর্ণ কৃষিকাজের জন্য ব্যবহৃত হয় তাদের উন্নয়ন মূল্যর উপর ভিত্তি করে কর বৃদ্ধি রহিত করে। এটি চাষাবাদ, শস্য সংগ্রহ ও পণ্য গুদামজাকরণ; খাদ্য যোগান, প্রজনন এবং পশুপালনের ব্যবস্থাপনা; ও কৃষিকর্মীদের আবাসস্থলকে অন্তর্ভুক্ত করে। সরাসরি পরিবারের সদস্যদের

আবাসের উপর এই আইন প্রযোজ্য নয় যদি না পরিবার খামারের মালিক না হয় এবং বাণিজ্যিক কার্যক্রমের জন্য গুরুত্বপূর্ণ না হয়।

রেয়াত সম্পর্কিত আইনের একটি সম্পূর্ণ তালিকা পাবেন এখানে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন